যায়যায়দিন

তারিখ 05 MAR 2012
পৃ: ৩ কলাম ৬

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বরখাস্ত কেন অবৈধ নয় : হাইকোর্ট

যাযাদি রিপোর্ট

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অনির্দিষ্টকালের জন্য সাময়িক বরখাস্তের আদেশ কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সাময়িক বরখাস্তের মেয়াদকাল নির্ধারণে কেন নির্দেশ দেয়া হবে না, তাও জানতে চাওয়া হয়েছে।

রোববার এক রিট আবেদনের প্রেক্ষিতে বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই রুল জারি করেন। আগামী ৩ সপ্তাহের মধ্যে শিক্ষাসচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড রাজশাহীর চেয়ারম্যানসহ ৯ জনকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিট আবেদন করেন বিভিন্ন সময় সাময়িক বহিষ্কার হওয়া ৬ জন শিক্ষক। রিট আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট এবিএম নুরুল ইসলাম ও মো. গিয়াসউদ্দিন।

এবিএম নুরুল ইসলাম জানান, 'মৌলিক অধিকার বিধির ৫৩ ধারা অনুযায়ী একজন শিক্ষক-কর্মচারীকে সর্বোচ্চ ৩ মাসের জন্য সাময়িক বরখাস্ত করা যেত। ৩ মাস পর যথারীতি বরখাস্তের আদেশ উঠে যেত। কিন্তু ১৯৯৬ সালে এই নিয়মটি বাতিল করা হয়। এরপর সাময়িক বরখাস্তের কোনো টাইম ফ্রেম নেই। কোনো কোনো শিক্ষক প্রায় ৮ বছর ধরে বরখাস্ত হয়ে আছেন।'